

📖 **সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)**

হাদিস নম্বরঃ ৪৩২৩ [আন্তর্জাতিক নম্বরঃ ৪৬৮০]

(کتاب تفسیر) ۵۲/

পরিচ্ছেদঃ ২৪১২. আল্লাহ তা'আলার বাণীঃ আমি বনী ইসরাইলকে সমুদ্র পার করলাম ফেরাউন ও তার সেনাবাহিনী
ঔদ্ধত্য সহকারে সীমালঙ্ঘন করে তাদের পশ্চাদ্ধাবন করল। পরিশেষে যখন সে নিমজ্জিত হল তখন সে বলল, আমি
বিশ্বাস করলাম, যার প্রতি বনী ইসরাইল বিশ্বাস করেছে। এবং আমি আত্মসমর্পনকারীদের অন্তর্ভুক্ত। (১০ঃ ৯০)
نَجِيكَ আমি তোমাকে যমীনের উঁচু স্থানে ফেলে রাখব। উচ্চ স্থান।

باب وجاوزنا ببني إسرائيل البحر فأتبعهم فرعون وجنوده بغيا وعدوا حتى إذا أدركه الغرق قال آمنت أنه لا إله إلا الذي آمنت به بنو إسرائيل وأنا من المسلمين ننجيك نلقيك على نجوة من الأرض وهو النشز المكان المرتفع

আরবী

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا غُنْدَرٌ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَبِي بَشْرٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنْ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَدِمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ وَالْيَهُودُ تَصُومُ عَاشُورَاءَ فَقَالُوا هَذَا يَوْمٌ ظَهَرَ فِيهِ مُوسَى عَلَى فِرْعَوْنَ. فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَصْحَابِهِ " أَنْتُمْ أَحَقُّ بِمُوسَى مِنْهُمْ، فَصُومُوا " .

বাংলা

সূরা ইউনুস

وَقَالَ ابْنُ عَبَّاسٍ فَاخْتَلَطَ بِهِ نَبَاتُ الْأَرْضِ فَنَبَتَ بِالْمَاءِ مِنْ كُلِّ لَوْنٍ قَالُوا اتَّخَذَ اللَّهُ وَلَدًا سُبْحَانَهُ هُوَ الْغَنِيُّ وَقَالَ زَيْدُ بْنُ أَسْلَمَ أَنَّ لَهُمْ قَدَمَ صِدْقٍ مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ مُجَاهِدٌ خَيْرٌ يُقَالُ تِلْكَ آيَاتُ يَعْنِي هَذِهِ أَعْلَامُ الْقُرْآنِ وَمِثْلُهُ حَتَّى إِذَا كُنْتُمْ فِي الْفُلْكِ وَجَرَيْنَ بِهِمُ الْمَعْنَى بِكُمْ يُقَالُ دَعَاؤُهُمْ دَعَاؤُهُمْ أَحْيَطُ بِهِمْ دُنَا مِنْ الْهَلَكَةِ أَحَاطَتْ بِهِ خَطِيئَتُهُ فَاتَّبَعَهُمْ وَاتَّبَعَهُمْ وَاحِدٌ عَدُوٌّ مِنَ الْعُدُوِّانِ وَقَالَ مُجَاهِدٌ وَلَوْ يُعَجِّلُ اللَّهُ لِلنَّاسِ الشَّرَّ اسْتَعْجَالَهُمْ بِالْخَيْرِ قَوْلُ الْإِنْسَانِ لَوْلَدِهِ وَمَالِهِ إِذَا غَضِبَ اللَّهُ لَمْ يَبَارِكْ فِيهِ وَالْعَنَةُ لِقُضِيَ إِلَيْهِمْ أَجْلُهُمْ لَأَهْلِكَ مَنْ دُعِيَ عَلَيْهِ وَالْأَمَاتَةُ لِلَّذِينَ أَحْسَنُوا الْحُسْنَى مِنْهَا حُسْنَى وَزِيَادَةُ مَغْفِرَةٍ وَرِضْوَانٍ وَقَالَ غَيْرُهُ النَّظَرُ إِلَى وَجْهِهِ

ইবনু 'আব্বাস (রাঃ) বলেন, فَخَطَطَ অর্থাৎ বৃষ্টির দ্বারা ভূ-পৃষ্ঠে বিভিন্ন প্রকারের উদ্ভিদ উদ্গত হয়। আল্লাহ তা'আলার বাণী: وَقَالُوا اتَّخَذَ اللَّهُ وَلَدًا سُبْحَانَ هُوَ الْغَنِيُّ "তারা বলে: "আল্লাহ সন্তান গ্রহণ করেছেন। তিনি

মহান, পবিত্র। তিনি অমুখাপেক্ষী।” (১০: ৬৮)

যায়দ ইবনু আসলাম (রহ.) বলেন, قَدَمَ صِدْقٍ দ্বারা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বুঝানো হয়েছে। মুজাহিদ বলেন, এর অর্থ কল্যাণ। تِلْكَ آيَاتُ এগুলো কুরআনের নিদর্শন ও অনুরূপ, حَتَّىٰ إِذَا كُنْتُمْ فِي الْفُلْكِ, فَأَنذَرْتُمْهُمْ أَنِ لَا تَقُولُوا بِإِذَا هَلَكْنَا هَٰذَا لَنُحْيِيَنَّكُمْ بِهِ وَلَنُرِيَنَّكُمْ أَشْرَارَ أَعْيُنِكُمْ حَتَّىٰ تُدْرِكُوا يَوْمَ الدِّينِ। এখানে بِهঁمْ দ্বারা بِكُمْ (তোমাদের নিয়ে) অর্থে دَعَوَاهُمْ তাদের দু'আ। أَلَا تَرَىٰ أَنَّ الْفُلْكَ تَكُونُ لَكُمْ سَرَبًا وَلَا لَكُمْ عِندَهُ عِندُ اللَّهِ (তাদের পশ্চাদ্ধাবন করল।) وَأَتَّبَعَهُمْ وَأَتَّبَعَهُمْ فَاتَّبَعَهُمْ (তাদের পশ্চাদ্ধাবন করল।) এখানে সীমা অতিক্রম অর্থে, মুজাহিদ (রহ.) বলেন, لِلنَّاسِ الشَّرُّ اسْتِعْجَالُهُمْ بِالْخَيْرِ এর দ্বারা মানুষের সেই কথা বুঝাচ্ছে, যখন সে রাগান্বিত হয়ে নিজ নিজ সন্তান-সন্ততি ও ধন-সম্পদ সম্পর্কে বলে, হে আল্লাহ! এতে বারাকাত দিও না, এর ওপর লা'নাত কর। لَقُضِيَ إِلَيْهِمْ أَجْلُهُمْ যার প্রতি বদদু'আ করা হয়েছে, তাকে ধ্বংস করে দিতেন এবং তাকে মেরে ফেলতেন। أَحْسَنُوا الْحُسْنَىٰ কল্যাণকর কাজের জন্য রয়েছে কল্যাণ এবং আরো অধিক। وَزِيَادَةٌ এবং অতিরিক্ত অর্থাৎ ক্ষমা। অন্যরা বলেন, الْكِبْرِيَاءُ রাজত্ব।

৪৩২৩। মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদিনায় এলেন, তখন ইহুদীরা আশূরা (আশুরা/আসুরা/আসূরা)র দিন রোযা পালন করত। (জিজ্ঞাসা করা হলে) তারা বলল, এদিন মূসা (আলাইহিস সালাম) ফেরাউনের উপর বিজয় লাভ করেছিলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের বললেন, মূসা (আলাইহিস সালাম) সম্পর্কে তাদের (ইহুদিদের) চাইতে তোমরাই অধিক হকদার। সুতরাং তোমরাও রোযা পালন কর।

English

Narrated Ibn `Abbas:

When the Prophet (ﷺ) arrived at Medina, the Jews were observing the fast on 'Ashura' (10th of Muharram) and they said, "This is the day when Moses became victorious over Pharaoh," On that, the Prophet (ﷺ) said to his companions, "You (Muslims) have more right to celebrate Moses' victory than they have, so observe the fast on this day."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=4601>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন